



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাও

আল্লাহ তাদের উপর প্রতিশোধ নিবেন

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আউযু বিল্লাহি মিনাশ শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

وَمَنْ أَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِآيَاتِ رَبِّهِ ثُمَّ أَعْرَضَ عَنْهَا إِنَّا مِنَ الْمُجْرِمِينَ مُنْتَقِمُونَ

“ওয়ামান আযলামু মিস্মান যুক্কিরাহি বি'আয়াতি রাব্বিহি সুম্মা আ'রাদা 'আনহা, ইল্লা মিনাল মুজরিমিনা মুনতাকিমুন” (সুরাহ সাজদাঃ২২)। আল্লাহ আযযা ওয়া জাল্লা বলেন, “যারা আল্লাহর আয়াত এবং আদেশ শুনেও মুখ ফিরিয়ে নেয় তারাই যালিম। এর থেকে বেশি যালিম আর কেউ নেই। আল্লাহ এই যালিমদের উপর প্রতিশোধ নিবেন।” যারা ফিরাউনের মত আচরণ করে দুনিয়াতে, আল্লাহর বিরুদ্ধে দাঁড়ায় এবং আল্লাহর আদেশসমূহ অমান্য করে, তাদের ভাবা উচিত নয় যে একগুঁয়েমি করে তারা বেঁচে যেতে পারবে। তারা আল্লাহর প্রতিশোধ অর্জন করেছে।

আল্লাহ (জাঃজাঃ) প্রতিশোধ নিবেন উনার পবিত্র নাম আল-মুনতাকিম এর মাধ্যমে। পালানোর কোন জায়গা নেই। তাদের যত ইচ্ছা মানুষ সমর্থন করুক। তাদের কোন মূল্য নেই। গুরুত্বপূর্ণ হচ্ছে আল্লাহকে ভালোবাসা এবং উনার আদেশসমূহ প্রয়োগ করা। নাহলে, তাদের সাথে মিলিয়ন মানুষ থাকতে পারে, এমনকি পুরো পৃথিবী তাদের সাথে থাকতে পারে, এর কোন দাম নেই। তারা যেন না মনে করে যে তারা আল্লাহর আদেশসমূহ থেকে ঘুরে দাঁড়িয়ে কোন উপকার লাভ করেছে।

ওসব মানুষেরা নির্বোধ কারণ তারা শেষের কথা চিন্তা করে দেখেনি, তারা হিসাব করেনি। এই পৃথিবী শেষ পর্যন্ত কারও কোন কাজে আসে না। যে পার্থিব লাভের জন্য আজকে তোমার সাথে আছে সে কালকে পার্থিব লাভের জন্য অন্য কারও কাছে চলে যেতে পারে। তাই, এসব লোকেরা যা করে তা নির্বুদ্ধিতা। যখন আল্লাহর আদেশ শোন তখন তা হালকাভাবে নিও না যেন তোমার শেষ ভালো হয়। নতুবা পালানোর কোন জায়গা থাকবে না যদি তুমি আল্লাহর আদেশের বিরুদ্ধে দাঁড়াও এবং প্রতিশোধ তোমার কাছে পৌঁছবে।

অনেক সময় লোকেরা অন্য মানুষের ক্ষতি করে দৌড়িয়ে পালায় পৃথিবীতে। তখন মানুষেরা তাদের পিছনে প্রতিশোধ নেবার জন্য ছোট্টে। অনেক সময় তারা পালিয়ে যায় কিন্তু আল্লাহর কাছ থেকে কোন পালানো নেই। আল্লাহ যা বলেন তা করেন। তিনি সবকিছু করতেই সক্ষম এবং কোনকিছুই উনাকে

www.hakkani.org / www.hakkaniyayinevi.com



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

বাঁধা দিতে পারে না। অতএব, আমাদের সাবধান থাকতে হবে দুনিয়াতে। অন্যকে টুঁ মেরে চলা আল্লাহর সামনে চলে না। আল্লাহ সর্ববৃহৎ এবং উনার ক্রোধের সামনে কিছুই দাঁড়াতে পারে না। তবুও, তিনি আরহামার রাহিমীন। মানুষ সেই প্রতিশোধ থেকে বাঁচতে পারে শুধুমাত্র যদি তারা তাওবা করে। চল আমরা তাওবা করি। আল্লাহ যেন আমাদের সেসব অবস্থানে না ফেলেন ইনশাআল্লাহ।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২৩ সেপ্টেম্বর ২০১৬/২১ যুলহিজ্জা ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।